দৈনিক ইত্তেফাক

তারিখ 20 APR 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

194

## পলিটেকনিক শিক্ষক সমিতির ৯ দফা

ইত্তেফাক রিপোর্ট ।। পলিটেকনিক শিক্ষক সমিতি গতকাল (মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ৯ দফা

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## পলিটেকনিক শিক্ষক

(১ম পৃ: পর)

দাবী আদায়ের লক্ষ্যে ২ মাসব্যাপী কর্মসূচী ঘোষণা করিয়াছে। এই কর্মসূচীর আওতায় ২৫শে জুনের মধ্যে দাবী মানা না হইলে ২৬শে জুন হইতে ২০টি পলিটেকনিক ইনষ্টিটিউটের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করিবেন। সমিতির সাধারণ সম্পাদক মো: শামসুর রহমান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। সমিতির সভাপতি খন্দকার শাহাব উদ্দিন, মাহমুদ, মো: ইদ্রিস আলী সাখাওয়াৎ হোসেন মোল্লা, আবদুর রউফ, এলমুর রহমান প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে উত্থাপিত ৯ দফা দাবীর মধ্যে রহিয়াছে: সকল পলিটেকনিক ইনষ্টিটিউটে দ্বিতীয় শিফট চালু, প্রতি বিভাগে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন, জুনিয়র ইনস্ট্রাকটরদের গেজেটেড মর্যাদা পুনঃপ্রতিষ্ঠা, পলিটেকনিক শিক্ষকদের সকল পদে ৩টি টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রদান ও চাকুরীর বয়সসীমা ৬০ বছর নির্ধারণ।